

ঢাবির জহুরুল হক হলে প্রকাশ্যে ধূমপান নিষিদ্ধ

ঢাবি প্রতিনিধি

২৭ অক্টোবর ২০২৫, ০৭:৫৯ পিএম



ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) শহীদ সার্জেন্ট জহুরুল হক হলে ধূমপান নিষিদ্ধ করা হয়েছে। ধূমপানরত অবস্থায় ধরা পড়লে ৩০০ টাকা জরিমানা এবং মাদকসহ ধরা পড়লে অভিভাবক ডেকে হল থেকে বহিষ্কারের সিদ্ধান্ত নিয়েছে হল প্রশাসন।

সোমবার (২৭ অক্টোবর) শহীদ সার্জেন্ট জহুরুল হক হলের প্রাধ্যক্ষের দপ্তরের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এসব সিদ্ধান্ত জানানো হয়েছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, হল প্রাঙ্গণে প্রকাশ্যে ধূমপান করতে দেখা গেলে দেশের প্রচলিত আইন অনুযায়ী সর্বনিম্ন ৫০ টাকা থেকে সর্বোচ্চ ৩০০ টাকা পর্যন্ত জরিমানা করা হবে।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, ইয়াবা, গাঁজা, হেরোইন বা অন্য কোনো প্রকার মাদকদ্রব্য সেবন বা সংরক্ষণের প্রমাণ পাওয়া গেলে সংশ্লিষ্ট শিক্ষার্থীকে অভিভাবকের উপস্থিতিতে হল থেকে বহিষ্কার করা হবে। এ ছাড়াও সব শিক্ষার্থীকে এই নিয়মাবলি কঠোরভাবে মেনে চলার জন্য অনুরোধ জানানো হয়েছে।

এ বিষয়ে হলের প্রাধ্যক্ষ অধ্যাপক মো. ফারুক শাহ বলেন, শিক্ষার্থীদের থেকে অভিযোগ এসেছে, হল প্রাঙ্গণ বা ক্যান্টিনের সামনে অনেকে ধূমপান করে। এতে হলের স্বভাবিক পরিবেশ নষ্টের পাশাপাশি অধূমপায়ীদের জন্য সমস্যা তৈরি হচ্ছে। এই কারণে দেশের প্রচলিত আইন অনুযায়ী নিয়মটা জারি করা হয়েছে। অনেকে ব্যক্তিগত জায়গা থেকে ধূমপান পছন্দ করতে পারে। কিন্তু তাতে অন্য কারও ক্ষতি না হোক, সে কারণেই এই উদ্যোগ।

প্রাধ্যক্ষ বলেন, ‘কেউ যদি প্রকাশ্যে ধূমপান করে, সেটা হল প্রশাসনের দৃষ্টিগোচর হলে আমরা ব্যবস্থা নেব। শিক্ষার্থী বা হল সংসদের কেউ এ বিষয়ে কোনো পদক্ষেপ নিতে পারবে না। কেউ যদি দেখে নিয়ম লঙ্ঘন হচ্ছে, আমাদের জানাবে। আমরা তদন্ত করে ব্যবস্থা নেব।’

জহুরুল হক হলের ২০২৩-২৪ সেশনের আবাসিক ছাত্র মোহাম্মদ মোস্তাকিম বলেন, ‘নির্দিধায় হল প্রশাসন কর্তৃক এটি একটি প্রশংসনীয় উদ্যোগ। যারা দোকানের সামনে বসে বা প্রকাশ্যে ধূমপান করে তাদের কারণে আমরা যারা ধূমপান করি না, এদেরও ক্ষতির সম্মুখীন হতে হয়। আমি চাই কারও বিরুদ্ধে অভিযোগ আসলে ভালোভাবে যাচাই করে যেন ব্যবস্থা গ্রহণ করা হয়।’

এর আগে ঢাবির এফ রহমান হলেও ধূমপান ও মাদক সেবনে নিষেধাজ্ঞা দিয়েছিল হল প্রশাসন। তবে প্রকাশ্যে ধূমপান নিষিদ্ধ নিয়ে শিক্ষার্থীদের মধ্যে মিশ্র প্রতিক্রিয়া দেখা যায়।